

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩১৫

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - লোক দেখানো ও শুনানোর ব্যাপারে বর্ণনা

الفصل الاول (باب الرِّياء والسمعة)

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللّهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ: قَالَ اللّهُ تَعَالَى: أَنَا أَغْنَى الشُّرَكَاءِ عَنِ الشُّركِ مَنْ عَمِلَ عَمَلًا أَشْرَكَ فِيهِ مَعِي غَيْرِي تَرَكْتُهُ وَشِرْكَهُ وَفِي رِوَايَةٍ: فَأَنَا مِنْهُ بَرِيءٌ هُوَ لِلّذِي عَمِلَهُ . رَوَاهُ مُسلم

رواه مسلم (46 / 2985)، (7475) ۔ (صَحِیح)

বাংলা

৫৩১৫-[২] উক্ত রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আল্লাহ তা'আলা বলেন, আমি অংশীস্থাপনকারীদের হতে সম্পূর্ণ মুক্ত। যে লোক কোন 'আমলে (ইবাদতে) আমার সাথে অন্যকে শরীক করে, আমি তাকেও তার সেই শিরকসহ বর্জন করি। অপর এক বর্ণনায় আছে, তার সাথে।

ফুটনোট

সহীহ: মুসলিম (৪৬/২৯৮৫)

ব্যাখ্যা

ব্যাখ্যা : (قَالَ اللَّهُ تَعَالَى: أَنَا أَغْنَى الشِّرَكَاءِ عَنِ الشِّرْكِ) আল্লাহ তা'আলা বলেন, আমি অংশীদারীর অংশীদারিত্ব থেকে সম্পূর্ণ মুক্ত। অর্থাৎ যে কাজ কেবলমাত্র একনিষ্ঠতার সাথে আমার সম্ভুষ্টি অর্জনের জন্য করা হবে, আমি কেবল ঐ 'আমলকেই গ্রহণ করব শিক্যুক্ত 'আমলকে ন্য়। এর সমর্থন হচ্ছে হাদীসের পরবর্তী বাক্য-



(نْ عَمِلَ عَمَلًا أَشْرَكَ فِيهِ مَعِي غَيْرِي تَرَكْتُهُ وَشَرْكَهُ) অর্থাৎ যে ব্যক্তি কোন কাজ করবে এবং তাতে আমার সন্তুষ্টির পাশাপাশি অন্য কোন মাখলুকের সন্তুষ্টি অর্জনের চেষ্টা করবে তাহলে আমি তাকে আমার রহমতের দৃষ্টি থেকে পরিত্যাগ করব এবং তা শিরকযুক্ত 'আমলকে কবুল করা থেকে বর্জন করব। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন